

বিশ্বব্যাংক উচ্চশিক্ষার মানোন্নয়নে নিচ্ছে হিট প্রকল্প

বাংলাদেশে নারী শিক্ষার উৎকর্ষ সাধন, দক্ষ গ্যাজুয়েট তৈরি এবং উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে সুশাসন প্রতিষ্ঠা সুনিশ্চিত করতে বিশ্বব্যাংক এবার দ্বিতীয় প্রজন্মের ‘হায়ার এডুকেশন এক্সিলারেশন এ্যান্ড ট্রান্সফরমেশন (হিট)’ প্রকল্প হাতে নিয়েছে। প্রস্তাবিত প্রকল্পের মূল লক্ষ্য ও উদ্দেশ্য হবে উচ্চশিক্ষা প্রতিষ্ঠানসমূহের মধ্যে আঞ্চলিক নেটওয়ার্ক স্থাপন, গ্যাজুয়েটদের চাকরির বাজারে প্রবেশের ক্ষেত্রে টিচিং-লার্নিং, গবেষণা এবং উচ্চশিক্ষা প্রতিষ্ঠানসমূহের ব্যবস্থাপনার মানোন্নয়ন করা।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন প্রস্তাবিত ‘হায়ার এডুকেশন এক্সিলারেশন এ্যান্ড ট্রান্সফরমেশন (হিট)’ এর বিভিন্ন বিষয় স্টেকহোল্ডারদের মতামত গ্রহণের জন্য ইউজিসি অডিটরিয়ামে শনিবার এক কর্মশালার আয়োজন করে। ইউজিসি চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান দিনব্যাপী এ কর্মশালায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন। উচ্চশিক্ষা মানোন্নয়ন প্রকল্প (হেকেপ) প্রায় সমাপ্ত। এর সফল বাস্তবায়ন ও হিট প্রকল্পের বিভিন্ন বিষয় তুলে ধরতে এ কর্মশালার আয়োজন করা হয়।

ইউজিসি সদস্য প্রফেসর ড. মোঃ আখতার হোসেনের সভাপতিত্বে আরও বক্তব্য রাখেন ইউজিসি সচিব ড. মোঃ খালেদ, বিশ্বব্যাংকের সিনিয়র অপারেশনস অফিসার ড. মোঃ মোখলেছুর রহমান, বিশ্ব ব্যাংকের লিড ইকোনমিস্ট ড. ভেঙ্কাটেশ সুন্দরারামান। -বিজ্ঞপ্তি

সাবধানবাণী: বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়।
সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬।

কার্যালয়: জনকণ্ঠ ভবন,
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন,
জিপিও বাস: ৩৩৮০, ঢাকা।

ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহ্যান্ডিং ২০ টি লাইন),
ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫
ই-মেইল: janakanthanews@gmail.com
ই-জনকণ্ঠ: www.edailyjanakantha.com

Copyright © All rights reserved by dailyjanakantha.com